

স্লিমেক্স

ট্যাবলেট

উপাদান : অতিরিক্ত মাত্রায় শরীরের ওজন বৃদ্ধিকে সাধারণত স্থূলতা বলা হয়। লাইফ স্টাইল খাবারের অভ্যাসগত এবং বংশগত ফ্যাক্টরকে স্থূলতার প্রধান কারণ হিসেবে ধরা হয়। লাইফ স্টাইল কারণ-শারীরিক মুভমেন্ট কম করা, দিনে ঘুমানো, সাবধানতার অভাব, মানসিক চিন্তা না করা। খাবারের অভ্যাসগত দিক - অতিরিক্ত খাবার গ্রহণ, গুরুপাক, বেশী ঠান্ডা, মিষ্টি এবং আঁশমুক্ত খাবারের অভ্যাস। বডি মাস ইনডেক্স এ (ই.গ.ও.) ৩০ কেজি/মিটার অথবা এর বেশী পুরুষদের এবং ২৮.৬ কেজি/মিটার অথবা এর বেশী মহিলাদের ক্ষেত্রে স্থূলতা ধরা হয়।

প্রতি ট্যাবলেট এ আছে-

ট্রাইকাসপারমাম এ্যামি	১০০ মি: গ্রা:
ক্যারাম কারভি	১০০ মি: গ্রা:
কোকাস লাক্স	১০০ মি: গ্রা:

এবং অন্যান্য উপাদান (সূত্র: মুহাযযিল, বাংলাদেশ ইউনানী ফর্মুলারী) ইউনানী ঔষধ কার্যকারিতা :

১. স্লিমেক্স ট্যাবলেট দৈহিক স্থূলতা কমায়।
২. স্লিমেক্স ট্যাবলেট মেদ ও পেটের অতিরিক্ত চর্বি কমায়।
৩. ইহা ক্লোলেস্টেরল এর পরিমাণ কমায় ও ত্বকের তৈলাক্ত বা চিটচিটে ভাব দূর করে।
৪. স্লিমেক্স ট্যাবলেট দেহে অতিরিক্ত চর্বি জমতে বাধা দান করে এবং সাধারণ বিষন্নতা দূর করে।
৫. স্লিমেক্স ট্যাবলেট বাড়তি ওজন কমিয়ে শরীরকে স্মি, স্মার্ট ও আকর্ষণীয় করে তোলে।

বিবরণ : কোকাস লাক্স (লাক্ষা) : এর সক্রিয় উপাদান সমূহ দেহের প্রতিবন্ধকতা কে অপসারণ করে। ইহা দৈহিক স্থূলতা, মেদ বা জমাট বাধা অতিরিক্ত চর্বি এবং দেহের অতিরিক্ত ওজন কমায়। লাক্সা কিডনীর বিভিন্ন ধরনের রোগ, জন্ডিস, ইডিমা (কোন রোগের কারণে শরীরের বিভিন্ন অঙ্গে পানি জমা), ঘাড় ও স্পাইনে ব্যথা, বাত ব্যথা, পেশী সমূহের ব্যথা, মৃগী এবং হিস্টেরিয়া রোগে অত্যন্ত কার্যকরী।

ক্যারাম কারভি (সিয়া জিরা) : সিয়া জিরা এর প্রধান সক্রিয় উপাদান ভলেটাইল অয়েল এসেনসিয়াল অয়েল, কারভন সমৃদ্ধ "থাইমেন", কিউমিনল, থাইমল ও টারপেন। উক্ত সক্রিয় উপাদান সমূহ দেহের জমাট বাধা অতিরিক্ত চর্বি সমূহকে তরল করতে সাহায্য করে। এছাড়া সিয়া জিরা সেলাইভা সিক্রেশন কমিয়ে দেয়, সংকোচনশীল এবং মূত্রকারক হিসেবে কাজ করে। জিরা শরীরের রস সমূহের শোষক হিসাবে কাজ করে এবং সীমাহীন ভাবে শরীরের আয়তন বৃদ্ধি রোধ করে। সিয়া জিরা দৈহিক স্থূলতা এবং ওজন কমায়।

ট্রাইকাসপারমাম এ্যামি (জৈন) : জৈন এর প্রধান সক্রিয় উপাদান ভলেটাইল এসেনশিয়াল অয়েল, ক্রিস্টাল জাতীয় উপাদান এরোপটিন, কিউমিন, টারপেন ও থাইমেন। উক্ত সক্রিয় উপাদান সমূহ বায়ুনাশক পেশীসমূহের সংকোচক এবং উত্তেজক হিসেবে কাজ করে। সেবনমাত্রা ও বিধি : প্রাপ্ত বয়স্ক : ২ টি করে ট্যাবলেট দিনে ২ বার খাবার আগে বা পরে অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য। ট্যাবলেট সেবনের ১ মাস পরে যদি দেখা যায় খুবই কম পরিমাণে ওজন কমেছে সে ক্ষেত্রে স্লিমেক্স ট্যাবলেট দিনে ৩ বার দেওয়া যাবে।

বিঃ দ্রঃ প্রতি তিন মাস অন্তর্গত একমাস ট্যাবলেট সেবন বিরতি দিয়ে পুনরায় শুরু করতে হবে এভাবে তার নির্দিষ্ট ওজনে আসা পর্যন্ত ট্যাবলেট সেবন করা যাবে।

অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে : নিরাপত্তা ও কার্যকারিতা প্রতিষ্ঠিত নয়।

পার্শ্ব প্রতিক্রিয়া : স্লিমেক্স ট্যাবলেট সেবনে তেমন কোন পার্শ্ব প্রতিক্রিয়া লক্ষ্য করা যায়নি তবে প্রথম অবস্থায় শুষ্ক মুখ, অনিদ্রা, ক্ষুধামন্দা, কোষ্ঠ কাঠিন্য সাময়িক ভাবে দেখা দিতে পারে এবং তা অল্প সময়েই আবার চলে যায়।

যে ক্ষেত্রে ব্যবহার করা যাবে না : কিডনী এবং লিভারের গুরুতর রোগে, গর্ভাবস্থায়, স্ফুদ্য দানকারী মা'দের ক্ষেত্রে স্লিমেক্স ট্যাবলেট সেবন করা যাবে না।

বানিজ্যিক মোড়ক : প্রতি প্যাকে ১০ টি ফিল্ম কোটেড ট্যাবলেটের ৫ টি বি-স্টার স্ট্রিপ রয়েছে।

আলো থেকে দূরে ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন।

সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

*অনুরোধে বিস্তারিত তথ্য জানা যাবে।



নেপচুন ল্যাবরেটরীজ লিঃ
গাজীপুর-বাংলাদেশ